

করনা প্রতিরোধ কার্যক্রম

অতিব জরুরী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, কুমারখালী,
কুষ্টিয়া

স্মারক নম্বর: ৪১.০১.৫০৭১.০০০.১৬.০০১.২১.১৬

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৮

০২ জুন ২০২১

বিষয়: মুক্তিযোদ্ধা সম্মানীভাতায় নতুন অন্তর্ভুক্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার বীরমুক্তিযোদ্ধা মৃত গোলাম মোস্তফা এর সম্মানীভাতা বরাদ্দের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া এর স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০১.৫৬.০০৮.১৭-৬২৭(যুক্ত) তারিখ- ১০/৬/২০২১ খ্রিঃ এর মাধ্যমে মুক্তিযোদ্ধা সম্মানীভাতা প্রদান জেলা কমিটির কার্যবিবরণীসহ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রস্তাব সুপারিশসহ প্রেরণ করা হয়।

০২। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৬.২০.০৫০.১৮.৬২ তারিখ- ০৫/৬/২০১৮ খ্রিঃ মোতাবেক গেজেটে বর্ণিত পিতার নাম ও গ্রামের নামের সাথে প্রাপ্ত আবেদনের বর্ণিত পিতার নাম ও গ্রামের নামের পার্থক্য সংশোধনী প্রস্তাব চাওয়া হয়।

০৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া মহোদয়ের কার্যালয়ের স্মারক নং- ০৫.৪৪.৫০০০.০০১.৫৬.০০৮.১৬.২৭৯২ তারিখ-২১/১১/২০১৯ মোতাবেক চেয়ারম্যান, সদকী ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া ও চেয়ারম্যান, পানটি ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া এর প্রত্যয়নপত্রসহ উক্ত সংশোধনী প্রস্তাব প্রেরণ করা হয় এবং উক্ত মুক্তিযোদ্ধার নামে সম্মানীভাতা বরাদ্দের জন্য সুপারিশ আকারে প্রেরণ করা হয়।

০৪। বীর মুক্তিযোদ্ধা জনাব গোলাম মোস্তফা একজন সেনাবাহিনী গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা। উক্ত মুক্তিযোদ্ধা গ্রাম- পান্টি, ডাকঘর- পান্টি, উপজেলা কুমারখালী, কুষ্টিয়া এর বাসিন্দা ছিলেন এবং পরবর্তীতে তিনি ঠিকানা পরিবর্তন করে গ্রাম- বাটিকামারা, ডাকঘর- কুমারখালী, উপজেলা-কুমারখালী, কুষ্টিয়া তে বসবাস শুরু করেন এবং সেখানেই তিনি মৃত্যু বরণ করেন।

এমতাবস্থায় উক্ত মুক্তিযোদ্ধার সম্মানীভাতা বরাদ্দের জন্য বিনীত অনুরোধ করা হলো।

২-৬-২০২১

মোহাম্মদ আলী

উপজেলা সমাজসেবা অফিসার

সচিব

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, উপ-সচিব (বাজেট), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪১.০১.৫০৭১.০০০.১৬.০০১.২১.১৬/১(২)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৮

০২ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া
- ২) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া



২-৬-২০২১

মোহাম্মদ আলী

উপজেলা সমাজসেবা অফিসার